২৮/৯/২০০৪
তারিখ ...
পৃষ্ঠা ২০ কলাম ৬

ভোরের কাগজ

### বাংলাদেশ ইউমিওর সদস্য নির্বাচিত

# দক্ষিণ আফ্রিকা ও অস্ট্রেলিয়ার বিশ্ববিদ্যালয়গুলোতে টিউশন ফি ছাড়াই ৩০০ শিক্ষার্থীকে উচ্চ শিক্ষার সুযোগ দেওয়া হবে

**কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিনিধি :** মরিশাসে অনুষ্ঠিত ইউনিভার্সিটি মবিলিটি ইন দি ইন্ডিয়ান ওসেন রিজিয়ন (ইউমিওর)-এর প্রথম সাধারণ সম্মেলনে বাংলাদেশ দুবছরের জন্য ইউমিওর বোর্ডের সদস্য নির্বাচিত হয়েছে। ইন্ডিয়ান ওসেন রিজিয়ন এবং অ্যাসোসিয়েশন অফ রিজিওনাল কো-অপারেশন হতে আগত বিশ্বের চৌদ্দটি দেশের প্রতিনিধিবৃন্দ এই আন্তর্জাতিক সম্মেলনে অংশগ্রহণ করেন এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও স্টাফদের উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমে গতিশীলতা সঞ্চারের লক্ষ্যে এতদঞ্চলের জন্য একটি নতুন কর্মসূচি গ্রহণের ব্যাপারে মতৈক্যে উপনীত হন।

মরিশাস বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত ইউমিওরের প্রথম সাধারণ কনফারেন্সে বাংলাদেশের প্রতিনিধিত্ব করে ফিরে এসে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ নজিবুর রহমান এ তথ্য জানান। মরিশাস ও ভারত ইউমিওর বোর্ডে যথাক্রমে সভাপতি ও সহসভাপতি নির্বাচিত হয়েছে এবং অস্ট্রেলিয়া এতে পদাধিকারবলে সচিবের দায়িত্ব পালন করবে। ১১ সদস্যবিশিষ্ট এই বোর্ডে বাংলাদেশ ছাড়াও ইরান, কেনিয়া, মালয়েশিয়া, মোজাম্বিক, দক্ষিণ আফ্রিকা, শ্রীলঙ্কা এবং থাইল্যান্ড দুবছরের জন্য সদস্য নির্বাচিত হয়েছে। সম্মেলনে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ নজিবুর রহমান 'ইউনিভার্সিটি স্টাফ ডেভলপমেন্ট ইন বাংলাদেশ : প্রেজেন্ট স্ট্যাটাস অ্যান্ড পটেনশিয়ালস' শীর্ষক কান্ট্রি পেপার উপস্থাপন করেন।

ভারত মহাসাগরীয় অঞ্চলের বিশ্ববিদ্যালয়সমূহের উচ্চতর শিক্ষা ও প্রশিক্ষণের মানোন্নয়নে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ইউমিওর কর্মসূচি গৃহীত হয়েছে। এর ফলে ইউমিওরভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ছাত্র ও স্টাফদের মাঝে পারস্পরিক বিনিময় কার্যক্রমসহ সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক বন্ধন সুদৃঢ় হবে।

সম্মেলনে ২০০২ সালের মধ্যে ইউমিওর কার্যক্রমের অধীনে শিক্ষার্থী ও স্টাফ বিনিময়ের সিদ্ধান্ত গৃহীত হয়। সম্মেলনে অংশগ্রহণকারী দক্ষিণ আফ্রিকা ও অস্ট্রেলিয়ার প্রতিনিধিদ্বয় তাৎক্ষণিকভাবে টিউশন ফি ব্যতিরেকে মোট ৩০০ জন শিক্ষার্থীর জন্য তাদের স্ব স্ব দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে উচ্চ শিক্ষার সুযোগ অবারিত করার ঘোষণা দান করেন। এ ছাড়া মালয়েশিয়া ও থাইল্যান্ডের প্রতিনিধিদ্বয় অনুরূপ সুযোগ সৃষ্টির অনুকূলে তাদের দৃঢ় সদিচ্ছা ব্যক্ত করেন।

মরিশাস বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর গুলাম মোহামেদভাইয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত দুদিনব্যাপী এই আন্তর্জাতিক সম্মেলনে অস্ট্রেলিয়া, বাংলাদেশ, ভারত, ইরান, কেনিয়া, মালয়েশিয়া, মরিশাস, মোজাম্বিক, ওমান, সিসিলিস, সিঙ্গাপুর, দক্ষিণ আফ্রিকা, শ্রীলঙ্কা ও থাইল্যান্ড থেকে আগত প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। এ ছাড়াও এতে ইন্টার-ইউনিভার্সিটি কাউন্সিল ফর ইস্ট আফ্রিকা, ইন্ডিয়ান ওসেন রিম অ্যাসোসিয়েশন এবং ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ ইউনিভার্সিটিজ-এর প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।